গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
দাখিল ও এবতেদায়ী মাদ্রাসা শাখা
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)নিউ বেইলী রোড,ঢাকা
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০..০০০.১৮.০০১.১৭.৩১১১ তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৯
০৫ ডিসেম্বর ২০২২

বিষয়: NTRCA বহির্ভূত পদসমূহের নিয়োগ কার্যক্রম সংশ্লিষ্ট মাদ্রাসায় আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কামিল/ফাজিল/আলিম/দাখিল মাদ্রাসার অধ্যক্ষ, উপাধ্যক্ষ, সুপার, সহকারী সুপার, মুহাদ্দিস, ফর্কিহ, মুফাসসির, আদিবসহ তৃতীয় ও চতুর্থ শ্রেণির বিভিন্ন পদসমূহে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে মহাপরিচালকের প্রতিনিধির সমন্বয়ে গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি কর্তৃক গঠিত নিয়োগ কমিটির মাধ্যমে নিয়োগ কার্যক্রম সম্পন্ন হয়ে থাকে। মহাপরিচালকের (ডিজি) প্রতিনিধি মনোনয়ন আদেশে নিয়োগ কার্যক্রম সংশ্লিষ্ট মাদ্রাসায় সম্পন্ন করার জন্য নির্দেশনা থাকে। কিন্তু এতদসত্ত্বে ও বিভিন্ন সময়ে অভিযোগ পাওয়া যায়, অনেক ক্ষেত্রে সংশ্লিষ্ট মাদ্রাসায় পরীক্ষা গ্রহন না করে ভিন্ন মাদ্রাসা কিংবা স্কুল/কলেজে এমনকি উপজেলা/জেলায় নিয়োগ পরীক্ষা সম্পন্ন হয়ে থাকে, যা কোনোভাবেই কাম্য নয়। স্থানীয় জনগণ মাদ্রাসার জন্য জমি দান করেছেন, স্থানীয় ছাত্র-ছাত্রীরা মাদ্রাসায় লেখাপড়া করে, স্থানীয় জনগণের উৎসাহ ও পরামর্শে মাদ্রাসার শিক্ষা কার্যক্রম এগিয়ে যায়। এছাড়াও নিয়োগ কার্যক্রমে স্বচ্ছতা নিশ্চিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট মাদ্রাসায় নিয়োগ কার্যক্রম সম্পন্ন হওয়াই যুক্তিযুক্ত।

এমতাবস্থায়, NTRCA বহির্ভূত সকল পদের নিয়োগ কার্যক্রম সংশ্লিষ্ট মাদ্রাসায় আয়োজন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। কোন অবস্থাতেই সংশ্লিষ্ট মাদ্রাসা ব্যতিরেকে অন্যত্র নিয়োগ পরীক্ষা গ্রহণ করা যাবে না। যৌক্তিক কোন কারণ থাকলে মাদ্রাসা অধিদপ্তরের মহাপরিচালকের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

৫-১২-২০২২
কে, এম, রুহুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

সভাপতি/অধ্যক্ষ/সুপার..... সকল
কামিল/ফাজিল/আলিম/দাখিল মাদ্রাসা

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০..০০০.১৮.০০১.১৭.৩১১১/১(২৭১) তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৯
০৫ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২) অতিরিক্ত সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩) জেলা প্রশাসক.....(সকল) [আওতাধীন মাদ্রাসাসমূহে বিষয়টি নিশ্চিতকরণের অনুরোধসহ]
৪) সকল কর্মকর্তা, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর। [উল্লিখিত বিষয়টি নিশ্চিতকরণের অনুরোধসহ]
৫) অধ্যক্ষ, বিএমটিটিআই/ সকল সরকারি আলিয়া মাদ্রাসা, [উল্লিখিত বিষয়টি নিশ্চিতকরণের অনুরোধসহ], .
৬) উপজেলা নির্বাহী অফিসার.....(সকল) [আওতাধীন মাদ্রাসাসমূহে বিষয়টি নিশ্চিতকরণের অনুরোধসহ]
৭) জেলা শিক্ষা অফিসার.....(সকল) [আওতাধীন মাদ্রাসাসমূহে বিষয়টি নিশ্চিতকরণের অনুরোধসহ]
৮) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার.....(সকল)[আওতাধীন মাদ্রাসায় নিশ্চিতকরণের অনুরোধসহ]
৯) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৫-১২-২০২২
জান্নাতুন নাহার
সহকারী পরিচালক